

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ
টেলিভিশন এর “উপসহকারী
প্রকৌশলী/শীতাতপ যন্ত্রবিদ” [১০ম
গ্রেড] পদে সংশোধিত ফলাফল।

নম্বর : ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১৭.০০১.১৮-১১

তারিখ : ২৩.০৫.২০১৯

সংশোধিত বিজ্ঞপ্তি

বিষয়ঃ তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশন এর “উপসহকারী প্রকৌশলী/শীতাতপ যন্ত্রবিদ” [১০ম গ্রেড] এর শূন্য পদে সংশোধিত ফলাফল প্রকাশ।

২৭.১২.২০১৮ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১৭.০০১.১৮-৪০ নম্বর স্মারকের ‘ঙ’ নম্বর অনুচ্ছেদে প্রকাশিত ফলাফল সংশোধনপূর্বক বিষয়ে উল্লিখিত পদে নিয়োগের জন্য নিম্ন রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদের কর্ম কমিশন কর্তৃক সাময়িকভাবে (provisionally) মনোনয়ন প্রদান করা হয়েছে :

তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশন এর “উপসহকারী প্রকৌশলী/শীতাতপ যন্ত্রবিদ” [১০ম গ্রেড] :

রেজিস্ট্রেশন নম্বরঃ ৫০০০১১, ০০০১৩৮= ২ জন

২. শূন্য পদ না থাকায় পূর্বে সাময়িকভাবে সুপারিশপ্রাপ্ত ০১ জন প্রার্থীর (রেজিস্ট্রেশন নম্বর ৩০০০৫৩) সুপারিশ কমিশনের সিদ্ধান্তক্রমে বাতিল করা হয়েছে।

৩. প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি, বিজ্ঞাপনের শর্ত এবং আবেদনপত্রে প্রদত্ত অঙ্গীকারনামার ভিত্তিতে কর্ম কমিশন প্রার্থীদের এই শর্তে সাময়িকভাবে সুপারিশ করছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রার্থীর সনদ, ডকুমেন্টস ও কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

৪. সরকারী কর্ম কমিশন কর্তৃক সাময়িকভাবে সুপারিশকৃত প্রার্থীদের মধ্যে কোনো প্রার্থীর পরবর্তীকালে কোনো সময়ে কোনো যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে; অসত্য তথ্য প্রদান করলে বা যে কোনো উল্লেখযোগ্য (substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সাময়িক সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ পেলে বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৫. স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক-নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাইয়ের পর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় সুপারিশকৃত প্রার্থীদের নিয়োগ প্রদান করবে।

৬. প্রকাশিত ফলাফলে কোনো ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা কর্ম কমিশন সংরক্ষণ করে। সুপারিশকৃত প্রার্থীদের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তরের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৭. ফলাফল কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd-এ পাওয়া যাবে।



[মোঃ নজরুল ইসলাম]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]
[যুগ্মসচিব]